RBM Sir, 19/6/20

# 1) Linkage among sustainable development & environment and poverty.

পরিবেশ ও দারিদ্রতার মধ্যে একটি গভীর সম্পর্ক আছে এবং তার সঙ্গে স্থিতিশীল উন্নয়নের কী সম্পর্ক আছে তা এখানে আলোচনা করা হল- 1972 সালে স্টকহোমে সম্মেলনে UN Conference on the Human Environment, June 5-16 1972. সেখানে আমাদের পূর্বতন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধী একটি গুরুত্বপূর্ণ কথা বলেন, তা হল - "Proverty in the greatest pollution" অর্থাৎ দারিদ্র হচ্ছে সবচেয়ে বড় দূষণ কারি। এই সম্মেলনের মূলত চারটি বিষয়বস্তু ছিল তা হল -

(ক) পৃথিবীতে জনবিস্ফোরণের ক্রমবর্ধমান বৃদ্ধি
(খ) তাপমাত্রা বৃদ্ধি
(গ) বিভিন্ন বর্জ্য পদার্থ গঠিত দূষণ
(ঘ) জীবাশ্ম জ্বালানীর নির্গমন হ্রাসের জন্য বিভিন্ন ব্যবস্থা নেওয়া

এই সম্মেলনের পরে 1987 সালে The Brundtland Commision যার পুরো নাম হল World Commision on Environment and Development (WCED) তারা তাদের আলোচনা ও রিপোর্টে দেখিয়েছিল, পরিবেশগত অবনমনের সঙ্গে দরিদ্রদের জনসংখ্যা বৃদ্ধিজনিত একটি সম্পর্ক রয়েছে। অর্থাৎ দারিদ্র পরিবেশগত অবনমনের অন্যতম কারণ। দারিদ্র ও পরিবেশগত অবনমনের কারণ তৃণমূলস্তরে গবেষণা করতে হবে। দারিদ্রকে কমাতে স্থিতিশীল উন্নয়নের যেভাবনা তাকে ভাবতে হবে। অর্থাৎ স্থিতিশীল উন্নয়নের ভাবনার মধ্যে দারিদ্র দূরিকরণের একটি ভাবনা লুকিয়ে আছে। এই পরিপ্রেক্ষিতে ~~কতগুলো~~ ধারণার সৃষ্টি হয়। সে ধারণাগুলি হল নিম্নরূপ -

1) দারিদ্র ও পরিবেশের মধ্যে সম্পর্ক: এই ধারণায় বেশকিছু সমাজবিদ, যেমন Bozo (1999), Broad ~~(1998)~~ (1994), Prakash (1997), তিনজন পরিবেশবিজ্ঞানী পরিবেশ ও দারিদ্রগত সম্পর্কের বিভিন্ন মত পেশ করেন। এই গবেষণায় তারা দেখাচ্ছে দরিদ্র মানুষেরা যেহেতু প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল সেহেতু প্রাকৃতিক সম্পদ যদি ধ্বংস হয় তাহলে সমাজে দরিদ্র মানুষের সংখ্যা বৃদ্ধি পাবে। এই ভাবে একটি একটি দারিদ্রচক্র তৈরী হতে থাকে, (দরিদ্র মানুষেরা একদিকে যেমন পরিবেশের উপর নির্ভরশীল, সেহেতু পরিবেশের প্রাকৃতিক সম্পদ যদি বিনাশ হয় তাহলে সমাজে দরিদ্র মানুষের সংখ্যা

Scanned with CamScanner

বৃদ্ধি পাবে, তাই একটি দারিদ্রের দুষ্টচক্র নির্মিত হবে।) তাই একে একদিকে দরিদ্র মানুষ যেমন পরিবেশের উপর নির্ভরশীল তেমনি তাদের কার্যকলাপ এবং বিভিন্ন শিল্পায়নের ফলে যে পরিবেশগত অবক্ষয় তার ফলে তাদের যে অভাব তা আরো বৃদ্ধি পাবে। এই তারা দেখান দারিদ্র ও পরিবেশের মধ্যে দুষ্টচক্রটি কেমন ভাবে কাজ করে।

2) দারিদ্র ও পরিবেশগত অবনমনের ক্ষেত্রে বহুক্ষেত্রবাদি ধারণা : এই ধারণার অন্যতম জনক হলেন Ratliff (1993), ইনি মনে করেন পরিবেশগত অবনমন শুধুমাত্র দারিদ্রের উপর নির্ভরশীল নয়। পরিবেশগত অবনমনের ক্ষেত্রে অন্যান্য বিষয় গুলিও গুরুত্বপূর্ণ যা হল-

(ক) অর্থনৈতিক বিষয়সমূহ ; অর্থনৈতিক বন্টনের বৈষম্য :
(খ) সামাজিক বন্টনের বৈষম্য :
(গ) রাজনৈতিক স্বাধীনতার অভাব :
(ঘ) সাংস্কৃতিক অবক্ষয়
(ঙ) উপরক্ত কারণে পরিবেশগত অবনমন :
এই প্রসঙ্গে Ratliff বলেন, " Who protect which environment "

# পরিবেশের উপর অর্থনৈতিক উন্নয়নের প্রভাব : পরিবেশের উপর অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন প্রভাব রয়েছে। তা হল-

1) জনসংখ্যার উচ্চতর বিকাশ অর্থাৎ, পৃথিবীর বিভিন্ন দেশে জনসংখ্যা বৃদ্ধি ও সেই জনসংখ্যা বৃদ্ধির ফলে তার একটি প্রভাব পরিবেশের উপর ফেলেছে, কারণ সেই জনসংখ্যার অর্থনৈতিক উন্নয়নের কোনো কার্যকলাপ নিলে তা পরিবেশের উপর প্রভাব বিস্তার করে।

2) বন্যা ও ঝড়ের প্রাদুর্ভাব : বিভিন্ন দেশে বিভিন্ন সময়ে আসা বন্যা ও ঝড়ের প্রাদুর্ভাব।

3) জলসঙ্কট : পৃথিবীর বিভিন্ন দেশের গ্রাম ও শহর এলাকায় জলসঙ্কট আমরা দেখতে পাই।

4) আর্সেনিক সঙ্কট : পৃথিবীর বিভিন্ন দেশে মূলত পশ্চিমবঙ্গের গাঙ্গেয় ব-দ্বীপ অঞ্চলে আর্সেনোপাইরাইট একত্রে ভূ-অভ্যন্তর থেকে উঠে আসার ফলে সেটা জলের সঙ্গে মেশে ও বিভিন্ন ধরণের অসুখ তৈরী করছে ব্ল্যাকফুট ডিজিস, ক্যান্সার মূলত বৃদ্ধি পেয়েছে এই কারণে।

5) বিভিন্ন বর্জ্য জনিত দূষণ : 6) বিভিন্ন ই-ওয়েস্ট জনিত দূষণ :

Scanned with CamScanner

এগুলি হল বিভিন্ন প্রাচীন প্রাচীন পরিবেশগত সমস্যা। এখন মূল প্রশ্ন হল, এই সমস্ত পরিবেশগত সমস্যাগুলির সঙ্গে অর্থনৈতিক উন্নয়নের সম্পর্কটা কী?

এর মতে পরিবেশ বিজ্ঞানীরা একটি ধারণা সৃষ্টি করেছে যার নাম হল 'Problem of Resonce curse' অর্থাৎ 'সম্পদের অভিশাপ'. যেকোনো ধরনের প্রাকৃতিক সম্পদ অর্থাৎ কোনো অর্থনৈতিক দেশে কোনো প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য অনেক সময় অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে ঠিকই, কিন্তু তার একটি ভয়াবহ কুফল সেই দেশের সমাজের মধ্যে আমরা লক্ষ করতে পারি। তাহলে এই 'Resorce curse' এর মূল কারণগুলি কী কী? ধরা যাক, কোনো একটি দেশ, যেমন - নাইজেরিয়া যেখানে প্রচুর পরিমাণে খনিজ তেল পাওয়া যায়। ফলে সেখানে দরিদ্র মানুষের সংখ্যা কম হবে, অর্থনৈতিক উন্নতি ঘটবে, কিন্তু সেখানে কী সত্যিই কী অর্থনৈতিক উন্নতি ঘটেছে? আসেনি, বরং সেখানে যুদ্ধ হয়েছে, এর কারণ হল - একমাত্র প্রাকৃতিক সম্পদের উপর নির্ভর করে অর্থনৈতিক উন্নয়ন ঘটলে, সেই অর্থনৈতিক উন্নয়ন সেই দেশের প্রাকৃতিক পরিবেশের উপর অত্যন্ত বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। এই বিরূপ প্রতিক্রিয়ার ফলে পরিবেশ নির্ভরশীল যে দরিদ্র মানুষ যে ছিল, তারা সেই পরিবেশ নির্ভর অর্থনীতি থেকে নিজেদের বঞ্চিত করতে হয়, যেমন - যে জল, জঙ্গল, মাটির উপর তারা নির্ভরশীল ছিল, তা দূষিত হবার ফলে তাদের যে বিকল্প অর্থনৈতিক ব্যবস্থা সেখান থেকে তারা চ্যুত হয়, এর ফলে আমরা লক্ষ করতে পারছি একদিকে যেমন পরিবেশগত অবনমন ঘটছে, তেমনই দরিদ্র মানুষের সংখ্যা। কমার বদলে বাড়তে থাকছে।

Resorce curse এর ~~[illegible]~~ ফলাফলগুলি কী কী :

i) ভূমিধ্বস : কোনো একটি দেশে মূলত প্রাকৃতিক সম্পদ নির্ভর কোনো অর্থনীতি তৈরী হলে (খনিজ তেল) সেই দেশে খনি খননের ফলে প্রচুর পরিমাণে ভূমিধ্বস হয়। এর ফলে,

ii) ব্যাপক পরিমাণে মৃত্তিকা ক্ষয় : আবার এর ফলে

iii) নদীবক্ষের মধ্যে পলি সঞ্চয় বৃদ্ধি পায় : এর ফলে

iv) প্রচুর বন্যার প্রাদুর্ভাব ঘটে : এর ফলে

v) বনসংহার ঘটে : এর ফলে

vi) মাটির জৈব-রাসায়নিক-ভৌত গঠনের পরিবর্তন : এর ফলে

vii) মাটির উর্বরতা শক্তি হ্রাস পাচ্ছে : এর ফলে

viii) ভৌমজল, ভূ-পৃষ্ঠের জল, নদীর জল, হ্রদের জল প্রভৃতি ব্যাপক পরিমাণে নিষ্কাশন এবং তা শিল্পে ও খনিতে ব্যবহারের ফলে ঘটে-

ix) জলদূষণ : এর ফলে

Scanned with CamScanner

X) সমাজে বিভিন্ন রোগের প্রাদুর্ভাব : এর ফলে

XI) ~~জল দূষণ~~ পানীয় জলের সমস্যা, কৃষিতে জলের ব্যবহার হ্রাস : ফলে

X) দরিদ্র মানুষ আরো দরিদ্র হচ্ছে : এর ফলে

XI) রাজনৈতিক অস্থিরতা দেখা যায় :

# দারিদ্র ও পরিবেশের মধ্যে সম্পর্ক: এক্ষেত্রে দুইজন ভৌগোলিক Maurice Strong এবং Dignaey Sachs 1972 সালে অর্থনৈতিক উন্নয়নের ফলে দারিদ্র ও পরিবেশের মধ্যে সম্পর্ক কী ভাবে ~~সেই ভাবে~~ ধাবিত হয়, সেই ক্ষেত্রে তারা দুটি কারণ সৃষ্টি করেছেন। যার সাহায্যে আমাদের দেশ, সমাজ ও পৃথিবীতে উদ্ভূত যে অর্থনৈতিক উন্নয়নের ফলে দারিদ্র ও পরিবেশের মধ্যে কী ধরনের অর্থনৈতিক উন্নয়ন সৃষ্টি হয় সেই সম্পর্কের দুটি কারণ তারা বলেন, যথা - ① ব্যাপক জনসংখ্যা বৃদ্ধি : এই ব্যাপক জনসংখ্যা বৃদ্ধির ফলে Strong এবং Sachs তারা চারটি উপকরণ দেখিয়েছে, যে কারণগুলির মাধ্যমে দেখা যাচ্ছে একদিকে সমাজে দারিদ্রতার হার ও পরিমান বৃদ্ধি পায় অপরদিকে পরিবেশগত অবনমন আরো বৃদ্ধি পায়, জনসংখ্যা বৃদ্ধির ফলে যে চারটি উপকরণের সৃষ্টি হয় তা হল-

ⓐ ব্যাপক নগরায়ন এবং তার ফলে নগরগুলিতে ঘনজনবসতিপূর্ণ বস্তির নির্মান ;

ⓑ গ্রাম থেকে শহরে পরিব্রাজন এর ফলে শহরে জনসংখ্যা বৃদ্ধি ;

ⓒ মহানগরীগুলিতে জনঘনত্বের ব্যাপক বৃদ্ধি এবং ;

ⓓ ব্যাপক জনবৃদ্ধির কারনে পৃথিবীর মহানগরগুলিতে অস্বাস্থ্যকর পরিবেশের উপস্থিতি ;

② গ্রামীন পরিবেশের অবনমন : অর্থাৎ গ্রামীন পরিবেশে যে কোনো অর্থনৈতিক উন্নয়নের (সমাজতান্ত্রিক বা পুঁজিবাদি) ফলে, একদিকে গ্রামাঞ্চলে পতিত জমির সংখ্যা কমে কৃষি জমির সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং দ্বিতীয়দিকে, কৃষিজমিতে উৎপাদন বৃদ্ধির জন্য রাসায়নিক সার সহ বিভিন্ন রাসায়নিক ~~নির্ভরশীলতার~~ পদ্ধতির উপর নির্ভরশীলতা বেড়েছে, যার ফলে মৃত্তিকার যে জৈবিক কাঠামো ~~আ~~ধীরে ধীরে নষ্ট হয়েছে। তৃতীয়ত, রাসায়নিক সার, কীটনাশকের ব্যাপক প্রয়োগ বৃদ্ধি পেয়েছে। এর ফলে গ্রামীন পরিবেশের ব্যাপক ক্ষতি হয়েছে ~~ইত্যাদি~~ ।

③ নগরায়ন ও শিল্পের জন্য নগর পরিবেশের অবনমন : আমরা জানি যে, ভারতবর্ষের বিভিন্ন শহরে একদিকে নগরায়ন ঘটেছে। এর ফলে গরিব মানুষেরা নগরের একটি ঘনজনবসতিপূর্ণ অঞ্চল যেখানে, অনেকগুলো মানুষ একসাথে বসবাস করছে, যার ফলে সেখানে বস্তি বা গৃহ তৈরী হচ্ছে। যার ফলে,

PusPendu

Scanned with CamScanner

সেখানে, বিভিন্ন দূষণ সৃষ্টিকারি কারখানা তৈরী হচ্ছে। তারফলে নগরে বায়ুদূষণ জলদূষণ ও অন্যান্য দূষণ ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে।

④ পরিবেশগত পীড়ন: Strong & Sachs তারা দেখিয়েছে যে, অর্থনৈতিক উন্নয়নের ফলে পরিবেশগত পীড়ণ বা Environmental Stress তৈরী হয়। এর ফলে পরিবেশ ব্যাপক ভাবে পিড়িত হয়। এই প্রসঙ্গে তারা কতগুলি উপকরণ দেখিয়েছে। যথা-

(i) Population Migration: অর্থাৎ গ্রাম থেকে শহরে যে মানুষেরা যাচ্ছে যাকে মূলত আমরা বলছি Urban Migration, এর ফলে একটি নগরীর বাসস্থানের চেয়ে অনেক বেশি মানুষ এই নগরীতে এসে বসবাস করছে। এর ফলে নাগরীক স্বাস্থ্য পরিবেশ বিনাশ হচ্ছে।

(ii) গ্রামীন অর্থনীতিতে মন্দাভাব: গ্রামীন অর্থনীতিতে বিনিয়োগের পরিমান একটি সময়ে কমে যায় যেহেতু নগরায়ন ও শিল্পায়ন ঘটছে এর ফলে গ্রামীন কৃষিক্ষেত্রের উপর একটি বিরূপ প্রভাব পড়ে এবং সেখানে একটি অর্থনৈতিক মন্দাভাব সৃষ্টি হয়।

(iii) খাড়া পাহাড় বা মালভূমির ঢালে অর্থনৈতিক কার্যকলাপ বৃদ্ধি: খাড়া পাহাড় বা মালভূমির ঢালে যদি অর্থনৈতিক ক্রিয়াকলাপ হয় তাহলে সেখানে একদিকে বনচ্ছেদন, অপরদিকে ব্যাপক মৃত্তিকাক্ষয় এর ফলে এখানে ব্যাপক ধসের সমস্যা দেখতে পাওয়া যাবে।

(iv) অরণ্যগত অবনমন: অর্থনৈতিক উন্নয়নের ফলে আমরা দেখতে পারছি পৃথিবী ব্যাপী অরণ্যগুলির বিনাশ হয়েছে, এছাড়া অরণ্য নির্ভর অনেক জনগোষ্ঠীর মানুষ অরণ্যের ~~নির্ভর~~ নিজেদের সম্পদের উপর নির্ভর করে তারা তাদের যে আদিজাতিক অর্থনীতি বা Indigenous Economy নির্মান করেছে। কিন্তু যদি এই অরণ্যই বিনাশ হয়ে যায়, তাহলে তাদের এই অর্থনীতি আর টিকে থাকবে না। এর ফলে সেই মানুষগুলি যখন অরণ্যে প্রবেশ করতে পারছে না, ~~এ~~ অরণ্যের গাছ কাটা হচ্ছে ফলে তারা অরণ্য থেকে সামান্য জ্বালানী কাঠ টুকুও এবং মধু, মোম, ফল সংগ্রহ করতে পারছে না। ফলে তারা সেই এলাকা পরিত্যাগ করবে। এবং গ্রাম থেকে শহরে পাড়ি দেবেন। এর ফলে পরিবেশগত পিড়ণ হচ্ছে ও দারিদ্রের হার বাড়ছে।

Scanned with CamScanner

⑤ পরিবেশগত পরিণতি : Strong & Sachs দেখিয়েছে পরিবেশগত বিপর্যয়ের ফলে একক দেশের পরিবেশগত পরিণতি তৈরী হয়। এই পরিবেশগত পরিণতি আরো ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয় তৈরী করে। তা গুলি হল-

(i) পরিবেশগত সংবেদনশীল এলাকায় অধিক জনবসতির উপস্থিতি :

(ii) ঝড়-বন্যা প্রভৃতির উপস্থিতি :

(iii) মৃত্তিকা ক্ষয় :

⑥ দরিদ্র মানুষের উপর প্রভাব : Strong & Sachs দেখিয়েছেন, উপরুক্ত 5টি কারণ ও তার উপকারণ গুলি কীভাবে দরিদ্র মানুষের উপর প্রভাব বিস্তার করে। যেমন-

(i) রাসায়নিক দূষণ ও জলদূষণের ফলে সৃষ্ট বিভিন্ন রোগ :
(ii) প্রাকৃতিক বিপর্যয়ের সম্ভাবনা বৃদ্ধি :
(iii) অরণ্য ধ্বংসের ফলে জ্বালানীর অভাব :
(iv) জমির উৎপাদন শীলতা হ্রাস :
(v) বিভিন্ন ধরনের ক্লান্তি ও রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি :

এর ফলে আমরা দেখতে পাচ্ছি কীভাবে অযৌক্তিক উন্নয়ন দারিদ্রতা এবং পরিবেশের মধ্যে একধরনের সম্পর্ক নির্মাণ করে,

# স্থিতিশীল উন্নয়ন এর ধারণায় দারিদ্র ও পরিবেশের উপস্থিতি কীরকম হবে, এবং কী ভাবে হবে? স্থিতিশীল উন্নয়নে দারিদ্রতা হ্রাস ও পরিবেশ সংরক্ষণ দুটি কি কোনো গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচিত হবে কি?

এই দুটি প্রশ্ন প্রসঙ্গে Strong ও Sachs ও আরো অনেকে তারা সবাই স্থিতিশীল উন্নয়নের ধারণার মধ্যে একধরনের ঐক্যতা সৃষ্টি করে, যাকে তারা নামদেন Ecodevelopment বা পরিবেশ ভিত্তিক উন্নয়নের ধারণা, পরিবেশভিত্তিক উন্নয়নের ধারণার ক্ষেত্রে প্রধান বিষয় সেই হল এই-

যেকোনো উন্নয়নের একটি জৈবিক বোঝা ধারণক্ষমতা থাকে, যাকে আমরা বলি, organic load capacity বা, জৈবিক বোঝা ধারণক্ষমতা, এই " " " হল এমন একটি ধারণক্ষমতা যার সাহায্যে একটি বাস্তু সংস্থানে বস্তু চাপ নিয়মে উন্নয়নের কার্যকলাপ ধারণ করতে পারে। যেমন ধারণের মধ্য দিয়ে তার বাস্তুসংস্থানের যে জৈবিক কাঠামো যদি সেগুলো বজায় থাকতে পারে। ~~[illegible] এই তাহলে, আমরা বলতে পারবো এই বাস্তুতন্ত্রের~~

Scanned with CamScanner

অর্থাৎ কোনো বাস্তুসংস্থানে এমন ব্যাপক পরিমাণে অর্থনৈতিক উন্নয়ন হল যার ফলে সেই বাস্তুসংস্থানের জৈবিক কাঠামো যদি অবক্ষয়িত হয় তাহলে কিন্তু আমরা লক্ষ করতে পারবো সেই বাস্তুসংস্থানের জৈবিক বোঝা বহনক্ষমতা হ্রাস পেয়েছে। যদি কোনো বাস্তুসংস্থানে অর্থনৈতিক উন্নয়ন এমনভাবে হয় যেখানে আমরা লক্ষ করতে পারবো, বাস্তুসংস্থানের জৈবিক কাঠামো সেটি অবক্ষয়িত হয়নি বরং সেটি যথাযথভাবে অবস্থান করছে, তাহলে আমরা বলবো সেই বাস্তুসংস্থানে অর্থনৈতিক উন্নয়নের জৈবিক বোঝার বহনক্ষমতায় সীমায় আছে। এই জৈবিক বোঝা বহনক্ষমতার সামঞ্জস্য বজায় করার ক্ষেত্রে Strong & Sachs মূলত ছয়টি স্থিতিশীল উন্নয়নের কথা বলেছেন, যা হল-

(i) সামাজিক লক্ষ্যসমন্বিত স্থিতিশীল উন্নয়ন: অর্থাৎ স্থিতিশীল উন্নয়নের পরিকল্পনা যখন করতে হবে তার একটি সামাজিক লক্ষ্য থাকবে।

(ii) অর্থনৈতিক লক্ষ্য সমন্বিত স্থিতিশীল উন্নয়ন: এই স্থিতিশীল উন্নয়নের লক্ষ্য হবে অর্থনৈতিক লক্ষ্যমাত্রা অর্জন করা, যেখানে মানুষের দারিদ্রতা হ্রাস, আয়বৃদ্ধি ইত্যাদি লক্ষ্যমাত্রা গুলি যেন সুনির্দিষ্ট থাকে।

(iii) বাস্তুতান্ত্রিক লক্ষ্যমাত্রা পূর্ণ স্থিতিশীল উন্নয়ন: অর্থাৎ, বাস্তুতন্ত্রের যে জৈবিক বোঝা বহনক্ষমতা সেটা যেন হ্রাস না পায়,

(iv) ভৌগোলিক লক্ষ্যযুক্ত স্থিতিশীল উন্নয়ন: অর্থাৎ স্থিতিশীল উন্নয়নের একটি ভৌগোলিক লক্ষ্য থাকবে। গ্রাম ও শহরের মধ্যে উন্নয়নের সমতা বজায় রাখতে হবে।

(v) সাংস্কৃতিক লক্ষ্যমাত্রা যুক্ত স্থিতিশীল উন্নয়ন: সাংস্কৃতিক লক্ষ্যমাত্রা হচ্ছে পৃথিবীর বিভিন্ন জায়গায় অরণ্যনির্ভর স্থানীয় বাস্তুসংস্থান নির্ভর বিভিন্ন জনগোষ্ঠী আছে যাদের আমরা বলি আদিজাতি বা Indigenous Community. এই আদিজাতির ক্ষেত্রে তাদের কিছু কিছু বৈজ্ঞানিক ব্যাখ্যা থাকে, যাকে আমরা বলি Traditional Knowledge (TK) এই TK নির্ভর যে বাস্তুতান্ত্রিক অর্থনীতি তাকে বাঁচিয়ে রাখতে হবে।

(vi) স্থিতিশীল উন্নয়নের লক্ষ্য; Quality of Life: অর্থাৎ আমাদের যে জীবনযাত্রা তার যে মান তার উন্নয়ন সম্পন্ন হবে, যদি আমরা পরিবেশগত উন্নয়ন সেটা আমরা করতে পারি; অর্থাৎ, "Quality of Life depends on quality of ~~envir~~ environment."

আবার এই ক্ষেত্রে অনেকগুলি বিষয় আবার যুক্ত থাকে- ① Performance ② Accessibility etc.

অবশেষে বলা যায়, এই quality of Life এর মাধ্যমে জরুরতাকে ঠেকানো সম্ভব হবে।

Scanned with CamScanner